

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৬৭

আগরতলা, ০১ ডিসেম্বর, ২০২৫

পশ্চিম ত্রিপুরা জেলায় প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতায় ৫৬,৯৫৪ জন

চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ৬৩,৫২১ জনকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতাভুক্ত করার জন্য লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। অক্টোবর মাস পর্যন্ত জেলার ৫৬,৯৫৪ জনকে এই বীমা যোজনার আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এরমধ্যে জেলার বামুটিয়ার ব্লকের ৭৬৯৪ জনকে, বেলবাড়ি ব্লকের ৩,৯২৫ জনকে, ডুকলি ব্লকের ১১,৮৪৩ জনকে, হেজামারা ব্লকের ৩,৬৮৬ জনকে, জিরানীয়া ব্লকের ৮,২২৩ জনকে, লেফুঙ্গা ব্লকের ২,৫১৩ জনকে, মান্দাই ব্লকের ৪,৬৫০ জনকে, মোহনপুর ব্লকের ৭,২৬৯ জনকে এবং পুরাতন আগরতলা ব্লকের ৭,১৫১ জনকে এই সুরক্ষা বীমা যোজনার আওতাভুক্ত করানো হয়েছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা একটি দুর্ঘটনা বীমা প্রকল্প। এই প্রকল্পে বছরে মাত্র ২০ টাকা জমা দিয়ে দুর্ঘটনায় মৃত্যু বা শারীরিক অক্ষমতার জন্য সেই ব্যক্তি বা তার পরিবার আর্থিক সহায়তা পেতে পারেন। সেই ব্যক্তির দুর্ঘটনায় মৃত্যু বা সম্পূর্ণ স্থায়ী শারীরিক অক্ষমতার জন্য তার পরিবার ২ লক্ষ টাকা এবং আংশিক শারীরিক অক্ষমতার জন্য ১ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবেন। ১৮ বছর থেকে ৭০ বছর বয়সী যে কোন ব্যাংক অ্যাকাউন্ট হোল্ডার এই স্কিমের আওতাভুক্ত হতে পারেন। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পশ্চিম জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
